# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৯৫৩

১/ বিবিধ

আরবী

إذا نام العبد في سجوده باهى الله عز وجل به ملائكته، قال: انظروا إلى عبدي، روحه عندي وجسده في طاعتي
ضعيف

رواه تمام في " الفوائد " (ق 263 / 2) وعنه ابن عساكر (11 / 444 / 1) عن داود بن الزبرقان عن سليمان التيمي عن أنس مرفوعا
قلت: وهذا سند ضعيف جدا، داود بن الزبرقان قال الحافظ في " التقريب ": " متروك، وكذبه الأزدي ". قال ابن حبان (1 / 287) : " يأتي عن الثقات بما ليس من أحاديثهم ". قلت: ومن طريقه رواه البيهقي أيضا في " الخلافيات " كما في " تلخيص الحبير " (ص 44) واقتصر هناك على قوله في داود هذا: إنه ضعيف: وقال: " وروي من وجه آخر عن أبان عن أنس، وأبان متروك ". وروي من حديث أبي هريرة مرفوعا أخرجه ابن سمعون في " الأمالي " (1 / 172) عن حجاج بن نصير: أخبرنا المبارك بن فضالة عن الحسن عن أبي هريرة. قلت: وهذا سند ضعيف، وفيه ثلاث علل

حجاج بن نصير، قال الحافظ: " ضعيف كان يقبل التلقين

المبارك بن فضالة

ضعيف أيضا، قال الحافظ: " صدوق، يدلس ويسوي

الحسن وهو البصري، فإنه على جلالته كان يدلس، ومن طريقة الأئمة النقاد إعلال الحديث بعنعنة الحسن البصري، فانظر " اللآلي المصنوعة " للسيوطي (2 / 389) ، على أنه اختلف في ثبوت سماعه من أبي هريرة. لكن ذكر الحافظ في " التلخيص " أنه رواه ابن شاهين في " الناسخ والمنسوخ " من حديث المبارك بن فضالة، فإن كان عنده غير طريق الحجاج بن نصير، فقد ذهبت العلة الأولى وبقيت الثانية والثالثة ثم قال الحافظ: " وذكره الدارقطني في " العلل " من حديث عباد بن راشد كلاهما (يعني المبارك وعبادا) عن الحسن عن أبي هريرة، قال الدارقطني: وقيل: عن الحسن: بلغنا عن النبي صلى الله عليه وسلم. قال: والحسن لم يسمع من أبي هريرة قلت: وعباد بن راشد صدوق له أوهام، فمتابعته للمبارك تذهب بالعلة الثانية، فيبقى في الحديث العلة الثالثة، وبها أعل الحديث ابن حزم في " المحلى " فقال (1 / 228) : " وهذا لا شيء، أنه مرسل، لم يخبر الحسن ممن سمعه ". ثم قال الحافظ: " ومرسل الحسن، أخرجه في " الزهد "، وروى ابن شاهين عن أبي سعيد معناه، وإسناده ضعيف ". قلت: وسنده في " الزهد " (20 / 81 / 1) صحيح، فراجع الإسناد إلى أنه من مرسل الحسن البصري فهو علته. والحديث على ضعفه قد استدل به من ذهب إلى نوم الساجد ـ وألحقوا به الراكع ـ لا ينقض الوضوء، قال ابن حزم: " لوصح لم يكن في إسقاط الوضوء عنه ". وهو كما قال، وقال الصنعاني في " سبل السلام " (1 / 92) : " ومن استدل به قالوا: سماه ساجدا
وهو نائم، ولا سجود إلا بطهارة، وأجيب بأنه سماه باعتبار أول أمره، أو باعتبار هيئته ". وقد ذكر الصنعاني اختلاف العلماء، في هذا المسألة، وجمع الأقوال فيها فبلغت ثمانية، الصواب منها القول الأول وهو أن النوم ناقض مطلقا على كل حال قليلا كان أو كثيرا، ونصره ابن حزم بأدلة قوية فراجعه، ومثل هذا الحديث في الضعف والدلالة الحديث الآتي

বাংলা

৯৫৩। বান্দা যখন তার সাজদার মধ্যে ঘুমিয়ে পড়ে তখন আল্লাহ তা’আলা তাকে নিয়ে তার ফেরেশতাদের সামনে অহংকার করেন। (আল্লাহ) বলেনঃ তার আত্মা আমার নিকট আর তার দেহ আমার আনুগত্যের মধ্যে রয়েছে।

হাদীছটি দুর্বল।

এটি তাম্মাম "আল-ফাওয়ায়েদ" (কাফ ২/২৬৩) গ্রন্থে এবং তার থেকে ইবনু আসাকির (১১/৪৪৪/১) দাউদ ইবনুয যেবারকান হতে তিনি সুলায়মান আত-তায়মী হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি নিতান্তই দুর্বল। দাউদ ইবনুয যেবারকান সম্পর্কে হাফিয ইবনু হাজার “আত-তাকরীব" গ্রন্থে বলেনঃ তিনি মাতরূক। তাকে আল-আযদী মিথ্যুক আখ্যা দিয়েছেন। ইবনু হিব্বান (১/২৮৭) বলেনঃ তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে যা তাদের হাদীছ নয় তাই নিয়ে এসেছেন।

তার সূত্রেই বাইহাকী “আল-খুলফিইয়াত” গ্রন্থে বর্ণনা করেছেন, যেমনটি "তালখীছুল হাবীর" (পৃঃ ৪৪) গ্রন্থে এসেছে। তবে তিনি সেখানে শুধুমাত্র দাউদকে দুর্বল বলেছেন। তিনি আরো বলেছেনঃ ভিন্ন সূত্রে আবান হতে ... বর্ণনা করা হয়েছে। এই আবান মাতরূক।

আবু হুরাইরা (রাঃ)-এর হাদীছ হতেও মারফু হিসাবে বর্ণনা করা হয়েছে। এটি ইবনু সামউন "আল-আমলী" (১/১৭২) গ্রন্থে হাজ্জাজ ইবনু নুসায়ের হতে তিনি আল-মুবারাক ইবনু ফুযালাহ হতে তিনি হাসান ... হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি তিনটি করণে দুর্বলঃ

১। হাজ্জাজ ইবনু নুসায়ের সম্পর্কে হাফিয ইবনু হাজার বলেনঃ তিনি দুর্বল, সতর্ককরণ গ্রহণ করতেন।

২। আল-মুবারাক ইবনু ফুযালাও দুর্বল। হাফিয ইবনু হাজার বলেনঃ তিনি সত্যবাদী, তাদলীস করতেন। দুই নির্ভরযোগ্য ব্যক্তির মধ্যের দুর্বল বর্ণনাকারীকে লুকিয়ে ফেলতেন।

৩। হাসান আল-বাসরী। তিনি সম্মানিত ব্যক্তি হওয়া সত্ত্বেও তাদলীস করতেন। তিনি আন আন করে হাদীছটি বর্ণনা করেছেন। দেখুন সুয়ূতীর “আল-লাআলীল মাসনূ’আহ” (২/৩৮৯)। তার পরেও আবু হুরাইরাহ (রাঃ) হতে তার শ্রবণ সাব্যস্ত হওয়া নিয়ে মতভেদ রয়েছে।

হাদীছটি মুরসাল হিসাবে হাসান বাসরী হতে সাব্যস্ত হয়েছে। মূলত এটিই হাদীছটির সমস্যা। আলোচ্য হাদীছটির বিষয়ে ইমামগণ মতভেদ করেছেন। ইমাম সান’আনী "সুবুলুস সালাম" গ্রন্থে আটটি মত উল্লেখ করেছেন। যার প্রথমটি সঠিক। সেটি এই যে, ঘুম কম হোক আর বেশী হোক সর্বাবস্থায় তা উযু ভঙ্গকারী। ইবনু হাযম শক্তিশালী দলীল দিয়ে এ বিষয়ে আলোচনা করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71832

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন